



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.১৮০০.০১৭.২৭.০০২.২০২০- ৬৯

তারিখ: ০৪ মাঘ, ১৪২৭  
১৮ জানুয়ারি, ২০২১

### প্রজ্ঞাপন


যেহেতু, চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার কালিদাসপুর ইউনিয়ন পরিষদের ০৯ নং ওয়ার্ডের সদস্য জনাব মো: হাসিবুল ইসলাম চাকুরীর উদ্দেশ্যে বিনা অনুমতিতে (কুয়েত) গমন করার বিষয়টি স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা এর প্রস্তাব মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ২৮/০৮/২০২০ তারিখে ৮৪৮নং স্মারকে তাঁকে সাময়িক বরখাস্ত করা হয়। একই সাথে কেন তাঁকে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তা পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে তার জবাব সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে এ বিভাগের প্রেরণের জন্য অনুরোধ করা হয়;

যেহেতু, চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার কালিদাসপুর ইউনিয়ন পরিষদের ০৯ নং ওয়ার্ডের সদস্য জনাব মো: হাসিবুল ইসলাম কর্তৃক প্রদত্ত কারণ দর্শানোর জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা বর্ণিত ইউনিয়ন পরিষদের সদস্যের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (ঘ) ধারা মোতাবেক তার বিরুদ্ধে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করেছেন;

সেহেতু চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার কালিদাসপুর ইউনিয়ন পরিষদের ০৯ নং ওয়ার্ডের সদস্য জনাব মো: হাসিবুল ইসলাম-কে জনস্বার্থে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৪ (৪) (ঘ) ধারার অপরাধে তাঁকে স্থায়ী পদ হতে অপসারণ করা হলো।

০২। উপজেলা নির্বাহী অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫(২) ধারা মোতাবেক শূন্য ঘোষণা সংক্রান্ত গেজেট বিজ্ঞপ্তি জারীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।


  
০৪.১.২০২১  
(মো: আবুজাফর রিপন)  
সিনিয়র সহকারী সচিব  
৯৫৮৬৬০৫  
Email:lgup@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.১৮০০.০১৭.২৭.০০২.২০২০- ৬৯

তারিখ: ০৪ মাঘ, ১৪২৭  
১৮ জানুয়ারি, ২০২১

### অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ০২। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
- ০৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
- ০৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৮। জনাব মো: হাসিবুল ইসলাম, ইউপি সদস্য, ০৯নং ওয়ার্ড (অপসারণকৃত), কালিদাসপুর ইউনিয়ন পরিষদ, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
- ০৯। অফিস কপি।

  
০৪.১.২০২১  
(মো: আবুজাফর রিপন)  
সিনিয়র সহকারী সচিব